

Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 01 June, 2025

লালমনিরহাট জেলা জাতীয় পার্টির (জাপা) কার্যালয়ে লুটপাট ও অগ্নিসংযোগ করেছে দুর্বৃত্তরা।

শনিবার (৩১ মে) রাত ১১টার দিকে শহরের আলোরূপা মোড়ের জেলা কার্যালয়ে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাত ১১টার দিকে ৫-৭টি মোটরসাইকেলযোগে ১৪-১৫ জন দুর্বৃত্ত এসে জাতীয় পার্টির কার্যালয়ে হামলা চালায়। তারা প্রথমে ভাঙচুর করে ভিতরে প্রবেশ করে লুটপাট করে এবং কার্যালয়ের কিছু জিনিস বাইরে বের করে আনে। পরে কার্যালয়ে অগ্নিসংযোগ করে দ্রুত সেখান থেকে সরে যায়।

এ সময় পাশের মার্কেটের দোকানগুলোয় আগুন ছড়িয়ে পড়ার আশঙ্কায় স্থানীয়রা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। তবে ততক্ষণে জাতীয় পার্টির কার্যালয় পুড়ে ছাই হয়ে যায়।

ঘটনাস্থলে ছুটে আসা লালমনিরহাট পৌর জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন বলেন, স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে এসে দেখি পুরো অফিস পুড়ে গেছে।

কারা এ হামলা চালিয়েছে তা জানা যায়নি। তবে বিষয়টি দলীয় উচ্চ পর্যায়ে জানানো হয়েছে।

ঘটনাটি নিয়ে স্থানীয় থানা-পুলিশ ব্যস্ত থাকায় তাদের মন্তব্য সংগ্রহ করা সম্ভব হয়নি। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

অগ্নিসংযোগ লালমনিরহাট জাতীয় পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:01

URL: <https://www.timestodaybd.com/across-the-country/9115343200>